সমকাল

তারিখ ·24· SEP· 2016 ··· ···
পৃষ্ঠা 8 ··· ··· কলাম··· 2 ······

# প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির ১০ দফা দাবি

■ সমকাল প্রতিবেদক

২০১৮ সালের মধ্যে অষ্টম শ্রেণি পর্যন্ত আট বছরমেয়াদি অবৈতনিক প্রাথমিক শিক্ষা কার্যকরসহ ১০ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল শুক্রবার রাজধানীর সেগুনবাগিচার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে 'মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে আমাদের করণীয়' শীর্ষক আলোচনা সভায় সরকারের কাছে এ দাবি জানায় সংগঠনটি।

তাদের অন্য দাবিগুলোর মধ্যে রয়েছে- মেধা ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ, একই কারিকুলাম ও পাঠ্যসূচির আওতায় অষ্টম শ্রেণি পর্যন্ত সারাদেশে একীভূত শিক্ষা ব্যবস্থা চালু, সহকারী শিক্ষকদের মধ্য থেকে যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে শতভাগ পদোন্নতির ব্যবস্থা, পদোন্নতিবঞ্চিত সিনিয়র সহকারী শিক্ষকদের মাধ্যমে প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণ, সব বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম, কম্পিউটার/ল্যাপটপ সরবরাহ, শিক্ষকদের বিদ্যালয়বহির্ভূত কাজ না দেওয়া, প্রাপ্য পাওনা যথাসময়ে পরিশোধ, বিদ্যালয়ে অফিস সহকারী নিয়োগ প্রভৃতি।

সমিতির নির্বাহী সভাপতি ওয়েছ আহমদ চৌধুরীর সভাপতিত্বে সভায় লিখিত বক্তব্য পাঠ করেন মহাসচিব আমিনুল ইসলাম চৌধুরী। উপস্থিত ছিলেন আবুল হোসেন, আক্কাছ আলী, আইয়ুব উল্যাহ ভূঁইয়া, সুরুজ আলী ঠাকুর, নাসির উদ্দিন প্রমুখ।